# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 21.07.2024 Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) দুর্নীতির সঙ্গে কোনরকম আপোষ নয় বলে একুশে জুলাই এর মঞ্চ থেকে কড়া বার্তা দিয়েছেন তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

ওই মঞ্চেই সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব বলেছেন, দিল্লির এন ডি এ সরকার বেশিদিন স্থায়ী হবে না।

২) নিটে অনিয়মকে দেশের সর্ব বৃহৎ কেলেঙ্কারি আখ্যা দিয়েছেন অভিষেক ব্যানার্জি ।

এর প্রতিক্রিয়ায় কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী বলেছেন, দোষীরা কেউই রেহাই পাবে না।

৩) বিজেপি বলেছে, ২১-শে জুলাই-এর মঞ্চ শহীদ স্মরণ নয়, উৎসবের মঞ্চে পরিণত হয়েছে।

৪) সংরক্ষণ বিরোধী আন্দোলনে উত্তাল বাংলাদেশ থেকে আজও কয়েকশো ছাত্র-ছাত্রী ভারতে এসেছেন।

৫) রাজ্য বিধানসভার অধিবেশন শুরু হচ্ছে আগামীকাল।

oooooooooooooooooooooo

দুর্নীতির সঙ্গে দল কোন ভাবেই আপোষ করবে না বলে তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি স্পষ্ট বার্তা দিয়েছেন। ধর্মতলায় আজ একুশে জুলাইয়ের সমাবেশে তিনি বলেন, তৃণমূল কংগ্রেস শুধু একটি রাজনৈতিক দল নয়, এটি মানুষের সেবা করার মঞ্চ। তাই দুর্নীতির সঙ্গে আপোষ করা হবে না। নির্বাচিত হবার পর মানুষকে যারা পরিষেবা দেবে না তাদের সঙ্গে তৃণমূল কংগ্রেসের কোনও সম্পর্ক নেই। বিত্তবান কর্মী নয়, দল বিবেকবান কর্মী চায়। কোন কর্মীর বিরুদ্ধে অভিযোগ এলে তিনি যে স্তরেরই হোন না কেন, ব্যবস্থা নেওয়া হবে।

(বাইট – মমতা)

সাম্প্রতিক লোকসভা নির্বাচন ও বিধানসভা উপনির্বাচনে দলের সাফল্যের জন্য রাজ্যবাসীকে ধন্যবাদ জানিয়ে তৃণমূল কংগ্রেস নেত্রী বলেন, নির্বাচনী সাফল্যে আত্মতুষ্টির কোন জায়গা নেই। বরং দলের নেতাকর্মীদের আরো দায়িত্ববান আরো বিনয়ী হতে হবে। এখন থেকে ২০২৬ এর বিধানসভা নির্বাচনের প্রস্তুতি শুরু করে দেওয়ার নির্দেশ দিয়ে তিনি বলেন, উত্তরবঙ্গেও দল ভালো ভোট পাবে বলে তিনি আশাবাদী।

এর আগে দলীয় নেতা কর্মীদের কঠোর বার্তা দিয়ে তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় জানান, দলের হাতে থাকা যেসব পুরসভা ও পঞ্চায়েত এলাকায় গত লোকসভা ও সাম্প্রতিক বিধানসভা উপ নির্বাচনে দল পিছিয়ে ছিল, সেখানকার নেতাদের ভূমিকা তিনি পর্যালোচনা করেছেন। কিছু কিছু পুর চেয়ারম্যান, কাউন্সিলর, পঞ্চায়েত প্রধান, অঞ্চল সভাপতি নিজেরা ভোটে জিতেছেন, কিন্তু লোকসভা বা বিধানসভা ভোটে দলকে জেতাতে পর্যাপ্ত পরিশ্রম করেন নি। এদের তিন মাসের মধ্যে কঠোর শাস্তির মুখে পড়তে হবে। সাম্প্রতিক নির্বাচনী সাফল্যকে মানুষের জয় আখ্যা দিয়ে অভিষেক বলেন, এজেন্সি দিয়ে তৃণমূল কংগ্রেসকে ভয় দেখানো যাবে না।

(বাইট – অভিষেক)

ইন্ডি জোটের প্রতিনিধি হিসেবে সমাজবাদী পার্টির নেতা, উত্তর প্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী অখিলেশ যাদব, তৃণমূল কংগ্রেসের শহীদ দিবসের সমাবেশে যোগ দিয়ে বলেন, দিল্লির সরকার টিঁকবে না। খুব শীঘ্রই পতন হবে।

(বাইট – অখিলেশ)

আজকের শহীদ স্মরণ সমাবেশ নিয়ে আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন।

(ভিসি – অভিরূপ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নিট ইউ জি-তে অনিয়ম নিয়ে তৃণমূল কংগ্রেস নেতা অভিষেক ব্যানার্জী কেন্দ্রকে কড়া ভাষায় আক্রমণ করেছেন। আজ ২১-শে জুলাই-এর মঞ্চে তিনি নিটের প্রশ্ন ফাঁসকে স্বাধীন ভারতের সর্ববৃহৎ কেলেঙ্কারি আখ্যা দেন।

( বাইট – অভিষেক)

অভিষেকের এই মন্তব্যের প্রতিক্রিয়ায় বিজেপি-র রাজ্য সভাপতি, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, নিটে অনিয়মের তদন্ত হচ্ছে, দোষীরা কেউ রেহাই পাবে না। কিন্তু এরাজ্যের সরকার নিয়োগ দুর্নীতির তদন্ত ঠেকাতে জনগণের করের টাকায় সুপ্রিম কোর্টে গেছে।

(বাইট – সুকান্ত)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

একুশে জুলাই, শহীদ স্মরণের সমাবেশ নয়, উৎসবে পরিণত হয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ দলের রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য সাংবাদিকদের বলেন, এই মঞ্চে, কতজন শহীদ হয়েছেন তাদের নাম কখনো উচ্চারণ করা হয় না। শহীদদের পরিবারের আবেগের সঙ্গে প্রতারণা করে এই সভা করা হয়।

(বাইট – শমীক)

এদিকে ব্যারাকপুরে আজ বিজেপির পক্ষ থেকে গণতন্ত্র হত্যা দিবস পালন করা হয়। প্রাক্তন সাংসদ অর্জুন সিং, ভাটপাড়ার বিধায়ক পবন সিং সহ একাধিক বিজেপি নেতা জগদ্দল থানার সামনে এই অবস্থান বিক্ষোভ কর্মসূচি পালন করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

**এদিকে, তৃণমূল কংগ্রেস সরকার ক্ষমতায় আসার আগে রাজ্যের ৫৭ শতাংশের বেশি মানুষ দারিদ্রসীমার নীচে থাকলেও, বর্তমানে তা কমে ৮ শতাংশ হয়েছে বলে মুখ্যমন্ত্রী আজকের সমাবেশে যে দাবি করেছেন, সিপিআইএম নেতা সুজন চক্রবর্তী তাকে তীব্র কটাক্ষ করেছেন।**

০০০০০০০০০০০০০০০০০০০০০

২১ শে জুলাইয়ের সমাবেশে যোগ দিতে কলকাতায় এসে উত্তর দিনাজপুরের তৃণমূল কংগ্রেস কর্মী আয়নুল হকের আকস্মিক মৃত্যুতে তাঁর সঙ্গীরা মর্মাহত। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এই মৃত্যুতে শোক প্রকাশ করে পরিবারের পাশে থাকার আশ্বাস দিয়েছেন।

জানা গেছে, কলকাতায় পৌঁছে সল্টলেকের করুণাময়ী ক্যাম্পে আশ্রয় নিয়েছিলেন আয়নুল। গতসন্ধ্যায় আরও কয়েকজনের সঙ্গে বিধান নগর রেলস্টেশনের পাশে ঘুরতে যান। দ্রুতগতিতে একটি লোকাল ট্রেন যাওয়ার সময় বাতাসের ধাক্কায় পড়ে গিয়ে মাথায় চোট পান তিনি। হাসপাতালে তাঁর মৃত্যু হয়। খবর পেয়ে ছুটে যান রাজ্যের মন্ত্রী গুলাম রব্বানী, প্রতিমন্ত্রী সত্যজিৎ বর্মন, করণদিঘির বিধায়ক গৌতম পাল, চাকুলিয়ার বিধায়ক মিনাজুল আফরিন আজাদ প্রমুখ। আলতাপুর ১ নম্বর অঞ্চলের বুথ সভাপতি এবং দলের একনিষ্ঠ কর্মী ছিলেন আয়নুল হক। তাঁর অকাল মৃত্যুতে এলাকায় শোকের ছায়া।

oooooooooooooooooooo

সংরক্ষন বিরোধী আন্দোলনের জেরে অগ্নিগর্ভ প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশের মানুষ আশ্রয় চাইলে রাজ্য সরকার তাদের সবরকমের সহযোগিতা করবে বলে জানিয়েছে। তৃনমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ একুশে জুলাই-এর সমাবেশের মঞ্চ থেকে বলেন, বাংলাদেশ একটি পৃথক রাষ্ট্র। তাই তিনি কোন কথা বলবেন না। এই ইস্যুতে ভারত সরকার যাবতীয় বিবৃতি দেবে। তবে রাজ্যের যারা সেখানে গিয়ে আটকে রয়েছেন তাদের ব্যাপারে খোঁজখবর রাখা হচ্ছে।

এদিকে, কোচবিহারের চ্যাংড়াবান্ধা সীমান্ত দিয়ে বাংলাদেশ থেকে ছাত্রছাত্রীদের ভারতে আসা অব্যাহত। আজ আসেন 550 জন ছাত্র-ছাত্রী। এর মধ্যে ৩৩৮ জন ভারতীয়, ১৮৬ জন নেপালের, ২৫ জন ভুটানের এবং একজন মালদ্বীপেরর ছাত্র। গত কয়েক দিনে চ্যাংড়াবান্ধা সীমান্ত দিয়ে প্রায় ৬০০ ছাত্রছাত্রী ভারতে এসে পৌঁছেছেন। ছাত্র-ছাত্রীদের অসুবিধার কথা মাথায় রেখে কোচবিহার জেলা পুলিশের পক্ষ থেকে একটি সহায়তা কেন্দ্র খোলা হয়েছে। এছাড়াও তাদেরকে বাসে করে গন্তব্যে পৌঁছে দেওয়ার ব্যবস্থা করেছে প্রশাসন।

দক্ষিন দিনাজপুরের হিলি সীমান্ত দিয়ে আজ ৩-শোজন পড়ুয়া ভারতে এসেছেন বলে মুখ্যমন্ত্রী এক্স হ্যান্ডেলে জানিয়েছেন।

নদীয়ার গেদে সীমান্ত দিয়ে আজ বিকেল পর্যন্ত ফিরেছেন ১১১ জন পড়ুয়া। এদের মধ্যে কয়েকজন ডাক্তারি পড়ুয়াও রয়েছেন।

ooooooooooooooooooooooooo

মালদায় ভারত বাংলাদেশ সীমান্ত মহদীপুরের স্থলবন্দর দিয়ে প্রতিদিন প্রায় ৪০০ গাড়ি রপ্তানি সামগ্রী বাংলাদেশ যায়। কিন্তু বাংলাদেশের পরিস্থিতির জন্য দুদিনের জন্য আমদানি রপ্তানি পুরোপুরি বন্ধ করে দেওয়া হলো।

অন্যদিকে এই সীমান্ত দিয়ে বহু ভারতীয় মেডিকেল পড়ুয়া ঘরে ফিরেছেন। প্রতিদিন ১০০ পড়ুয়া দেশে ফিরছেন। পাশাপাশি বহু বাংলাদেশীও চিকিৎসার জন্য আসছেন ভারতে।

oooooooooooooooooooooo

রাজ্য বিধানসভার অধিবেশন শুরু হচ্ছে আগামীকাল। তার আগে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে বসবে সর্বদলীয় বৈঠক। শোক প্রস্তাবের পর অধিবেশন দিনের মতো মুলতুবি হয়ে যাবে। এরপর কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে অধিবেশনের পরবর্তী কর্মসূচি স্থির করা হবে। পয়লা জুলাই চালু হওয়া তিনটি নতুন ফৌজদারি আইন নিয়ে আলোচনার জন্য সরকার পক্ষ অধিবেশনে একটি প্রস্তাব আনতে পারে। বেশ কয়েকটি সংশোধনী বিল এবারের অধিবেশনে পেশ হবার কথা।

এদিকে চারটি বিধানসভা কেন্দ্রের সাম্প্রতিক উপনির্বাচনে জয়ী সুপ্তি পাণ্ডে, মুকুটমনি অধিকারী, কৃষ্ণ কল্যাণী এবং মধুপর্না ঠাকুরকে চলতি অধিবেশনে বিধায়ক হিসাবে শপথ বাক্য পাঠ করানো হবে বলে সূত্রের খবর।

oooooooooooooooooooooo

গুরু পূর্ণিমায় আজ বেলুড় মঠে যান শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। অধ্যক্ষ স্বামী গৌতমানন্দের বাসভবনে গিয়ে তাঁকে প্রণাম করেন তিনি। বেলুড় মঠের পক্ষ থেকে সুকান্ত মজুমদারের হাতে প্রসাদ ও শ্রী শ্রী মা সারদা দেবীর প্রতিকৃতি ও পূজার শাড়ি তুলে দেওয়া হয়।

oooooooooooooooooooo

oooooooooooooooooooooo